



ছেঁড়া ও নষ্ট বই সরবরাহ

প্রতিনিধি, শ্রীপুর (গাজীপুর)

নতুন বছরে শিক্ষার্থীদের হাতে নতুন বই দেয়ার কথা থাকলেও গাজীপুরের শ্রীপুর উপজেলা শিক্ষা অফিস থেকে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জন্য মঙ্গলবার ছেঁড়া ও নষ্ট বই সরবরাহ করা হচ্ছে। এতে শিক্ষকদের মধ্যে অসন্তোষ দেখা দিলেও বাধ্য হয়ে ওই বই তাদের শিক্ষার্থীদের নিতে বাধ্য করা হচ্ছে।

১ জানুয়ারি সারাদেশে বিনামূল্যের নতুন বই শিক্ষার্থীদের জন্য বিতরণের কথা থাকলে শ্রীপুর উপজেলা শিক্ষা অফিসে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের জন্য ছেঁড়া ও নষ্ট বই সরবরাহ করছে।

মঙ্গলবার সকাল ১১টার দিকে শ্রীপুর উপজেলা শিক্ষা অফিসের গুদামের সামনে দেখা গেছে, স্থানীয় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের নতুন শিক্ষা বর্ষের নতুন বই নেয়ার জন্য ভিড় করতে দেখা গেছে। কিন্তু অনেকেই ছেঁড়া ও ভেজা বই হাতে পাওয়ার পর তাদের মধ্যে অসন্তোষ দেখা দেয়। এসব বই তারা নিতে না চাইলেও শিক্ষা অফিসের কর্মকর্তা-কর্মচারী ওইসব বই তাদের নিতে বাধ্য করছে। তা না হলে তারা বইও দেবে না বলেন বই নিতে আসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের। শ্রীপুর উপজেলার নগর হাওলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নাম প্রকাশ্যে ছেঁড়া : পৃষ্ঠা : ১৫ ক : ৪

ছেঁড়া : ও নষ্ট

(১ম পৃষ্ঠার পর)

অনিচ্ছুক এক শিক্ষক জানান, উপজেলা শিক্ষা অফিস থেকে কিছু ভালো বই সরবরাহ করলেও অর্ধেকের বেশি বই দেয়া হচ্ছে ছেঁড়া ও নষ্ট। এসব বই শিক্ষার্থীরা হতে পেলে খুশি হবে না। কিছুদিন পর পুরো বই খুলে যাবে। স্থানীয় বারতোপা শিশু কাননের সহকারী শিক্ষক মো. হেলাল উদ্দিন জানান, শিক্ষা অফিস থেকে যে বই তিনি পেয়েছেন তার ৫০ শতাংশ বই ছেঁড়া, ভেজা ও নষ্ট। অনেক বই আলগাও হয়ে গেছে। স্থানীয় মা মনি একাডেমি অ্যাড স্কুলের প্রধান শিক্ষক মো. হাবিবুর রহমান জানান, তার প্রতিষ্ঠানের জন্য পাওয়া বইগুলোর মধ্যে ৯০ শতাংশ বই ছেঁড়া ও ভেজা। এসব বই শিক্ষার্থীরা হাতে পাওয়ার পর আনন্দ পাওয়ার বদলে আরও কষ্ট বেড়ে যাবে। শ্রীপুর উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. আতিকুর রহমান খান জানান, আমাদের ভালো কোন গুদাম নেই। বাতাসে আর্দ্রতাজনিত কারণে গুদামে কিছু বই নষ্ট হতে পারে।